



HAAB

مؤسسة وكالات الحج البنغلاديشية
হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)
HAJJ AGENCIES ASSOCIATION OF BANGLADESH (HAAB)

নং-হাব/থার্ড কেরিয়ার/২০২২/৭৮

তারিখ: ৩১ মার্চ ২০২২ইং

প্রাপক : সম্মানিত সকল সদস্য, হাব।

বিষয় : থার্ড কেরিয়ারে ওমরাহযাত্রী পরিবহণ প্রসঙ্গে।

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আপনারা সকলেই অবগত আছেন যে, করোনা মহামারীর কারণে থার্ড কেরিয়ারে ওমরাহযাত্রী পরিবহণ বন্ধ ছিল। হাব এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে ওমরাহযাত্রী পরিবহণের নিমিত্তে থার্ড কেরিয়ার উন্মুক্তকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সম্মানিত সদস্যগণের কল্যাণে সর্বদাই নিয়োজিত বর্তমান হাব।

মহান আল্লাহ আমাদের সহায় হউন।

ধন্যবাদান্তে

ফারুক আহমদ সরদার
মহাসচিব

সংযুক্তিঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ২৪ মার্চ ২০২২ তারিখের পত্র।

স্মারক নং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০.১৭২

তারিখ : ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

বিষয়: ওমরাহযাত্রীগণের নির্বিঘ্নে সৌদি আরবে গমনের লক্ষ্যে বিমানের ফ্লাইট সংখ্যা বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা মহামারীর কারণে দীর্ঘদিন ওমরাহ পালন বন্ধ থাকার পর বিগত আগস্ট, ২০২১ মাস হতে বাংলাদেশের ধর্মপ্রাণ মুসলমানগণ ওমরাহ পালনের সুযোগ পেয়েছেন। দীর্ঘদিন পর পুনরায় সুযোগ আসায় বাংলাদেশ থেকে বহু সংখ্যক ওমরাহযাত্রী ওমরাহ পালনের জন্য সৌদি আরব গমন করছেন। করোনা মহামারীর কারণে বিদেশে চাকরিরত প্রবাসী বাংলাদেশীদের গমনাগমনও দীর্ঘদিন সীমিত থাকার পর বর্তমানে বিদেশগামী বিশেষ করে সৌদি আরবগামী বিমান যাত্রীর সংখ্যা পূর্বের যে কোন সময়ের চেয়ে এখন অনেক বেশি। করোনা মহামারীর পূর্বে বাংলাদেশী ওমরাহযাত্রীগণ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের বিমানের যাত্রী হয়ে ট্রানজিট নিয়ে সৌদি আরবে গমন করতে পারতেন।

০২। করোনা পরিস্থিতি শুরুর হওয়ার পর বাংলাদেশের ওমরাহযাত্রীগণ শুধুমাত্র বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্সযোগে সৌদি আরব গমন ও প্রত্যাগমন করতে পারেন। এর ফলে সৌদি আরবগামী বিমানযাত্রীর সংখ্যা একদিকে বৃদ্ধি পেয়েছে অন্যদিকে বিমানের ফ্লাইট সংখ্যা হ্রাস পেয়েছে। সে কারণে বর্তমানে বিমানের টিকেট পাওয়াও দুরূহ হয়ে পড়েছে। বিমান টিকেট সংকটের কারণে টিকেটের মূল্য বৃদ্ধি পেয়েছে। আগামী কিছু দিনের মধ্যে পবিত্র রমজান মাস শুরু হবে। বাংলাদেশের ধর্মপ্রাণ মুসলমানগণ অন্যান্য সময়ের চেয়ে পবিত্র রমজান মাসে অধিক সংখ্যায় ওমরাহ পালনের জন্য সৌদি আরব গমন করেন। বিগত ২টি রমজানে ওমরাহযাত্রীগণ সৌদি আরবে যেতে না পারায় এ বৎসর ওমরাহ পালনে সৌদি আরব যাওয়ার বিষয়ে মানুষের মধ্যে অনেক বেশি আগ্রহ লক্ষ্য করা যাচ্ছে। এরূপ প্রেক্ষাপটে বিমানের ফ্লাইট অপ্রতুলতার কারণে রমজান মাসে ওমরাহ পালনে ইচ্ছুক সকল ওমরাহযাত্রীগণ সৌদি আরব গমন করতে পারবেন কিনা সে বিষয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

০৩। ওমরাহযাত্রীসহ আগামী হজ মৌসুমে হজযাত্রীগণ যাতে নির্বিঘ্নে সৌদি আরবে গমন এবং প্রত্যাগমন করতে পারেন সে লক্ষ্যে নিম্নের পদক্ষেপসমূহ গ্রহণের বিষয়টি বিবেচনা করা একান্ত দরকার

- বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এবং সৌদি এয়ারবিয়ান এয়ারলাইন্স এর ফ্লাইট সংখ্যা বৃদ্ধিকরণ;
- করোনা পরিস্থিতির পূর্বের ন্যায় মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশে চলাচলকারী বিমানের ট্রানজিট যাত্রী হয়ে ওমরাহযাত্রীদের সৌদি আরব গমনের সুযোগ প্রদান;
- বাংলাদেশ এবং সৌদি আরবের অন্যান্য এয়ারলাইন্সকে (Third Carrier) বাংলাদেশ এবং সৌদি আরবের মধ্যে ফ্লাইট পরিচালনার সুযোগ প্রদান।

০৪। বর্ণিতাবস্থায়, বাংলাদেশের ওমরাহযাত্রীগণের এবং আগামী হজ মৌসুমে হজযাত্রীদের নির্বিঘ্নে সৌদি আরব গমন এবং প্রত্যাগমনের লক্ষ্যে উপরে উল্লেখিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক ফ্লাইট সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(এস এম মনিরুজ্জামান)

সিনিয়র সহকারী সচিব (হজ-২)

ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮

ইমেইল: morahajsection@gmail.com

সচিব

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০১.২০.১৭২

তারিখ : ১০ চৈত্র ১৪২৮
২৪ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা